

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

19/3/19

ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম (NFF) অনুমোদিত

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং ২৩২১৯কাঁথি-৩ নং ব্লক শাখা

কাঁথি-৩ নং ব্লকের উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের দীর্ঘদিনের দাবি-দাওয়া সম্বলিত

স্মারকলিপি

১৯ মার্চ ২০১৩

প্রতি –

সমষ্টি-উন্নয়ন আধিকারিক

কাঁথি-৩ নং ব্লক

মারিশদা, পূর্ব-মেদিনীপুর

মহাশয়,

আমরা, কাঁথি-৩ নং ব্লক-এর উপকূলীয় মৎস্য ভেণ্ডররা সমুদ্রতীরের মৎস্য খটি ও মৎস্য বন্দর থেকে মাছ সংগ্রহ করে ও বিভিন্ন এলাকায় বিক্রি করে জীবিকা নির্বাহ করে থাকি। এতে যে শুধু আমাদের পেট চলে তাই নয় – কাছের ও দূরের মানুষ টাটকা মাছ খেতে পান। মৎস্যজীবীরা পান তাদের বহু পরিশ্রমে ধরা মাছের মূল্য।

আমরা গরিব মৎস্যকর্মী। সমুদ্রতীর থেকে মাছ নিয়ে পাড়ায়-পাড়ায়, বাজারে-বাজারে বিক্রি করতে চরম অসুবিধের মধ্যে উদয়াস্ত পরিশ্রম করতে হয়। মৎস্যজীবীদের কাছ থেকে মাছ কেনার টাকা থাকে না – মহাজনের কাছ থেকে মারাত্মক চড়া সুদে ঋণ নিতে হয়। মাছ নিয়ে দ্রুত বাজারে পৌঁছানোর জন্য মোটর সাইকেল তো কোন ছার, ভাল সাইকেলও জোটে না। আধুনিক ডিজিটাল ওজন যন্ত্র, মাছ সংরক্ষণের ঠান্ডা বাস্ক যোগাড় করা আমাদের আয়ত্তের বাইরে। মাছ বিক্রির উপযুক্ত সুবিধায়ুক্ত বাজার দূরের কথা, কোনমতে একটু বসার জায়গা পাওয়াই দায়। এ শুধু আমাদের নয়, মাছ ক্রেতাদেরও নিত্য বিড়ম্বনা। সরকারী অনুদান বা সামাজিক উন্নয়ন ও সুরক্ষা প্রকল্পগুলি থেকেও আমরা বঞ্চিত। তার ওপর রয়েছে তোলাবাজ, চাঁদাবাজদের নিত্যদিনের জুলুম। পেশাগত মর্যাদার প্রাথমিক শর্ত কোনও পরিচয়পত্রও আমাদের ছিল না। অতি সম্প্রতি সরকারের তরফে জেলার উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের সহায়ক মৎস্যকর্মী হিসেবে বায়োমেট্রিক পরিচয়পত্র দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। কোন কোন ব্লকে মৎস্য দপ্তর থেকে মৎস্য ভেণ্ডরদের কিছু স্বতন্ত্র পরিচয়পত্র দেওয়া হয়েছে। কিন্তু এ ব্যাপারে অগ্রগতি একেবারেই সন্তোষজনক নয়।





বিশেষ উল্লেখ্য, উপকূলীয় মৎস্য অবতরণ ক্ষেত্র দাদনপাত্রবাড় বা দীঘা থেকে নীলপুর বাজার, চৌরঙ্গী বাজার, আমড়াতলা বাজার শুধু দূরবর্তী নয়, পিচ রাস্তা থেকে এগুলির সাথে সংযোগকারী রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ।

ফলতঃ এইসব বাজারে মাছ বিক্রি করতে যাওয়া খুব কষ্টসাধ্য ও বিপজ্জনক। এই রাস্তাগুলির আমূল সংস্কার আশু প্রয়োজন।

এই পরিপ্রেক্ষিতে আমরা কাঁথি-৩ নং ব্লকের উপকূলীয় মৎস্য ভেন্ডরদের পক্ষ থেকে নিম্নলিখিত দাবিসনদ আজ আপনার কাছে পেশ করছি ও এর অন্তর্ভুক্ত প্রতিটি দাবি পূরণের জন্য জরুরি ভিত্তিতে সদর্থক পদক্ষেপ দাবি করছি।

দাবিসনদ

- জরুরি ভিত্তিতে মৎস্য ভেন্ডরদের পেশাগত মর্যাদার স্বীকৃতি হিসেবে সরকারি পরিচয়পত্র দিতে হবে।
- সুদখোর মহাজনের হাত থেকে বাঁচাতে মৎস্য ভেন্ডরদের অবিলম্বে স্বল্পসুদে ব্যবসার মূলধন দিতে হবে।
- সাতমাইল মাছ বাজারের উন্নয়ন ও সংস্কার সহ ব্লকের সমস্ত অঞ্চলে মাছ বিক্রির জন্য উপযুক্ত সুবিধায়ুক্ত বাজারের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেন্ডরদের জন্য সাইকেল, মোটর সাইকেল ইত্যাদি পরিবহন যানের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেন্ডরদের জন্য আধুনিক ওজন যন্ত্র ও মাছ সংরক্ষনের ঠান্ডা বাস্র দিতে হবে।
- মৎস্য ভেন্ডরদের জন্য মাছ বিক্রির আধুনিক ট্রে-র ব্যবস্থা করতে হবে।
- সমস্ত মৎস্য ভেন্ডরদের রিলিফ কাম সেভিংস স্কিম-এর আওতায় আনতে হবে।
- উপকূলীয় মৎস্য ভেন্ডরদের আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে মেরিন কো-অপারেটিভ সোসাইটি গঠনের অনুমতি দিতে হবে।
- মৎস্য ভেন্ডরদের জন্য অবিলম্বে বার্ষিক্যভাতা ও বীমা প্রকল্প চালু করতে হবে।
- মৎস্য ভেন্ডরদেরকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সরকারী আবাসন প্রকল্পের আওতায় আনতে হবে।
- নীলপুর বাজার, চৌরঙ্গী বাজার, আমড়াতলা বাজার –এর সাথে পিচ রাস্তার সংযোগকারী রাস্তাগুলির অবিলম্বে আমূল সংস্কার করতে হবে।
- মৎস্য ভেন্ডরদের উপর তোলাবাজ-চাঁদাবাজদের অত্যাচার বন্ধ করতে হবে।

 সুজয় কৃষ্ণ জানা সহ-সভাপতি মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন	 অচিন্ত্য প্রামাণিক সম্পাদক মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন	 ঘনশ্যাম বর সভাপতি মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন কাঁথি-৩ নং ব্লক শাখা	 চন্দ্রীপদ বর সম্পাদক মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন কাঁথি-৩ নং ব্লক শাখা
--	--	--	--

অফিস যোগাযোগ - ন্যাশনাল ফিশওয়ার্কাস ফোরাম (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড, জালাল খাঁবাড়

অচিন্ত্য প্রামাণিক, মোবাইলঃ ৯৮০০৭৭৭৪৫৮; সুজয় জানা, মোবাইলঃ ৯৭৩৩৮৪৪১৫১

Received without verification
B.D.O. Contai-III